সার্কুলার নং-বিজিএ/কাস/২০২৬/ ১৫৭

১৫ জুন, ২০২৬

# সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়ঃ রপ্তানিকারক প্রতিষ্ঠান কর্তৃক বিজিএমইএ ও বিকেএমইএ এর অনলাইন সিষ্টেম এ ইউটিলাইজেশন ডিক্লারেশন (ইউডি) দাখিলকালে এলসি (**LC**) সংক্রান্ত তথ্য স্বয়ংক্রিয়ভাবে যাচাইয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্রঃ জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং-০৮.০১.০০০০.০৫৬.১৫.০০১.২৫/৩০০, তারিখঃ ০১/০৬/২০২৬ খ্রিঃ।

আপনাদের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রস্তুতকৃত Customs Bond Management System (CBMS) বন্ডেড ওয়্যারহাউস ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম অনলাইনে সম্পাদনের জন্য ব্যবহৃত হচ্ছে। ইতিমধ্যে গত ০১/০১/২০২৬ খ্রি. হতে CBMS সিষ্টেম এর মাধ্যমে অনলাইনে ইউটিলাইজেশন পারমিশন (ইউপি) প্রদানের কার্যক্রম শুরু হয়। উল্লেখ্য, ইউপি ইস্যুকালে বিজিএমইএ ও বিকেএমইএ এর অনলাইন সিষ্টেম হতে API এর মাধ্যমে ইউডি সংক্রান্ত তথ্য পর্যালোচনা করা হয়। কিন্তু ইউডি'তে এলসি (LC) সংক্রান্ত তথ্য সঠিকভাবে না থাকায় ইউডি ইস্যু করণে জটিলতা ও কালক্ষেপন হচ্ছে। এই পরিপ্রেক্ষিতে জাতীয় রাজস্ব বোর্ডের সভাপতিত্বে বিজিএমইএ ও বিকেএমইএ এর প্রতিনিধিগণের সাথে একটি সভা অনুষ্ঠিত হয়।

উক্ত সভায় রপ্তানিকারক প্রতিষ্ঠান কর্তৃক বিজিএমইএ ও বিকেএমইএ এর অনলাইন সিষ্টেম এ ইউটিলাইজেশন ডিক্লারেশন (ইউডি) দাখিলকালে এলসি (LC) সংক্রান্ত তথ্য স্বয়ংক্রিয়ভাবে যাচাইয়ের অর্থাৎ ইউডি দাখিলকালে এলসি (LC) সংক্রান্ত তথ্য প্রদান না করলে ইউডি দাখিল সম্পন্ন হবে না, এরূপ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এক্ষেত্রে, ইউডি দাখিলকালে সংশ্লিষ্ট এলসি (LC) সংক্রান্ত তথ্য স্বয়ংক্রিয়ভাবে যাচাইয়ের লক্ষ্যে CBMS সিষ্টেম হতে বিজিএমইএ ও বিকেএমইএ'কে একটি API প্রদান করা হয়। পরবর্তীতে বিজিএমইএ ও বিকেএমইএ এর আইটি টিম কর্তৃক জানানো হয় যে, উক্ত API এর কার্যক্রম যথাযথ সম্পন্ন হয়েছে।

এমতাবস্থায়, রপ্তানিকারক প্রতিষ্ঠান কর্তৃক বিজিএমইএ ও বিকেএমইএ এর অনলাইন সিষ্টেম এ ইউটিলাইজেশন ডিক্লারেশন (ইউডি) দাখিলকালে এলসি (LC) সংক্রান্ত তথ্য CBMS সিষ্টেম হতে প্রাপ্ত API এর মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে যাচাইয়ের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য জাতীয় রাজস্ব বোর্ড নির্দেশনা প্রদান করেছে, যা আগামী ০১ জুলাই ২০২৬ ইং হতে কার্যকর করার জন্য অনুরোধ করা হলো।

আপনাদের প্রয়োজনীয় কার্যার্থে জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নং- ০৮.০১.০০০০.০৫৬.১৫.০০১.২৫/৩০০, তারিখঃ ০১/০৬/২০২৬ খ্রিঃ এর স্মারক নম্বরটি এতদসঙ্গে সংযুক্ত করা হলো।

ধন্যবাদান্তে,

১৫/০৬/২৬

**মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ)**
সচিব (ভারপ্রাপ্ত)
সংযুক্তিঃ বর্ণনামতে।

Rezaul-Custom

**BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION**
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি
• বাংলাদেশে তৈরি •

BGMEA Complex, House # 7/7A, Block # H-1, Sector # 17, Uttara, Dhaka-1230, Bangladesh. Tel: +880 9638012345 | Hotline: +88 017 3044 2211 | E-mail: info@bgmea.com.bd | Web: www.bgmea.com.bd
**Regional Office:** BGMEA Bhaban (Level- 4 & 5), 669/E, Jhautala Road, South Khulshi, Chattogram. Tel: +880-2333379125-7 (PABX) | Fax: +880-2333379127 | E-mail: info@bgmeactg.org

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, আগারগাঁও, ঢাকা
**[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]**

স্মারক নম্বর-০৮.০১.০০০০.০৫৬.১৫.০০১.২৫/৩৫০

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪৩৩
১ জুন ২০২৬

বিষয়: **রপ্তানিকারক প্রতিষ্ঠান কর্তৃক বিজিএমইএ ও বিকেএমইএ-এর অনলাইন সিস্টেম-এ ইউটিলাইজেশন ডিক্লারেশন (ইউডি) দাখিলকালে এলসি (LC) সংক্রান্ত তথ্য স্বয়ংক্রিয়ভাবে যাচাইয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।**

সূত্র: জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-০৮.০১.০০০০.০৫৬.১৫.০০৫.২২/৩২৮, তারিখ: ১৮/০৫/২০২৬ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রস্তুতকৃত Customs Bond Management System (CBMS) বন্ডেড ওয়্যারহাউস ব্যবস্থাপনা সংক্রান্ত কার্যক্রম অনলাইনে সম্পাদনের জন্য ব্যবহৃত হচ্ছে। ইতোমধ্যে, গত ০১/০১/২০২৬ খ্রি. হতে CBMS সিস্টেম-এর মাধ্যমে অনলাইনে ইউটিলাইজেশন পারমিশন (ইউপি) প্রদানের কার্যক্রম শুরু হয়। উল্লেখ্য, ইউপি ইস্যুকালে বিজিএমইএ ও বিকেএমইএ-এর অনলাইন সিস্টেম হতে API-এর মাধ্যমে ইউডি সংক্রান্ত তথ্য পর্যালোচনা করা হয়। কিন্তু, ইউডি-তে এলসি (LC) সংক্রান্ত তথ্য সঠিকভাবে না থাকায় ইউপি ইস্যুকরণে জটিলতা ও কালক্ষেপণ হচ্ছে। এই পরিপ্রেক্ষিতে, জাতীয় রাজস্ব বোর্ডের সভাপতিত্বে বিজিএমইএ ও বিকেএমইএ-এর প্রতিনিধিগণের সাথে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় রপ্তানিকারক প্রতিষ্ঠান কর্তৃক বিজিএমইএ ও বিকেএমইএ-এর অনলাইন সিস্টেম-এ ইউডি দাখিলকালে এলসি (LC) সংক্রান্ত তথ্য স্বয়ংক্রিয়ভাবে যাচাইয়ের অর্থাৎ ইউডি দাখিলকালে সঠিকভাবে এলসি (LC) সংক্রান্ত তথ্য প্রদান না করলে ইউডি দাখিল সম্পন্ন হবে না, এরূপ ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এক্ষেত্রে, ইউডি দাখিলকালে সংশ্লিষ্ট এলসি (LC) সংক্রান্ত তথ্য স্বয়ংক্রিয়ভাবে যাচাইয়ের লক্ষ্যে CBMS সিস্টেম হতে বিজিএমইএ ও বিকেএমইএ-কে একটি API প্রদান করা হয়। পরবর্তীতে, বিজিএমইএ ও বিকেএমইএ-এর আইটি টিম কর্তৃক জানানো হয় যে, উক্ত API-এর কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন হয়েছে।

২। এমতাবস্থায়, রপ্তানিকারক প্রতিষ্ঠান কর্তৃক বিজিএমইএ ও বিকেএমইএ-এর অনলাইন সিস্টেম-এ ইউডি দাখিলকালে সংশ্লিষ্ট এলসি (LC) সংক্রান্ত তথ্য CBMS সিস্টেম হতে প্রাপ্ত API-এর মাধ্যমে স্বয়ংক্রিয়ভাবে যাচাইয়ের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০১/০৬/২০২৬
[সুরাইয়া সুলতানা]
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ই-মেইল: ssbondnbr@gmail.com

**প্রাপক (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএ কমপ্লেক্স, বাড়ি নং-৭/৭এ, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা।
২। সভাপতি, বিকেএমইএ, প্লানার্স টাওয়ার (১৩ তলা), ১৩/এ সোনারগাঁও রোড, বাংলামোটর, ঢাকা।

স্মারক নম্বর-০৮.০১.০০০০.০৫৬.১৫.০০১.২৫

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪৩৩
১ জুন ২০২৬

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রথম সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২। সিস্টেম এনালিস্ট, কাস্টমস বন্ড ম্যানেজমেন্ট সিস্টেম, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩। পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। পিএ টু সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫-৬। অফিস কপি/গার্ড কপি।

[সুরাইয়া সুলতানা]
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)